গ্রামীণ ব্যাংক

প্রধান কার্যালয়, মিরপুর-২, ঢাকা-১২১৬।

নিয়োগ বিজ্ঞপ্তি

গ্রামীণ ব্যাংক প্রশিক্ষণ প্রকল্পে নিম্নোক্ত পদ সমূহে অস্থায়ীভাবে লোক নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের (পুরুষ/মহিলা) নিকট থেকে আবেদনপত্র আহবান করা হচ্ছে। আবেদনকারী প্রার্থীদেরকে অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। প্রার্থীদেরকে বাংলাদেশের যে-কোনো স্থানে কাজ করতে আগ্রহী হতে হবে।

ক্র: নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বয়স
১	**শিক্ষানবিস সহকারী প্রকৌশলী/স্থপতি (বিএসসি ইঞ্জিনিয়ার/আর্কিটেক্ট)**	প্রার্থীদেরকে স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে সিভিল/ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/আর্কিটেক্ট বিষয়ে চার বছরের স্নাতক (সম্মান) ডিগ্রী থাকতে হবে। সকল পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি (জিপিএ-৩.০০) থাকতে হবে। কোনো পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। **গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের পূর্বের প্রথম ও দ্বিতীয় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে:** (১) এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে: জিপিএ ৩.৫০ বা তদূর্ধ্ব — প্রথম বিভাগ ন্যূনতম জিপিএ ৩.০০ — দ্বিতীয় বিভাগ (২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে: অর্জিত সিজিপিএ: ৪.০০ পয়েন্ট স্কেলে / ৫.০০ পয়েন্ট স্কেলে — সমতুল্য শ্রেণি/বিভাগ ৩.০০ বা তদূর্ধ্ব / ৩.৭৫ বা তদূর্ধ্ব — প্রথম বিভাগ/শ্রেণি ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম / ২.৮১ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম — দ্বিতীয় বিভাগ/শ্রেণি	১৮-০৩-২০২৬ তারিখে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৩২ বছর হতে হবে।
	বেতন স্কেল (২০১৫)	গ্রেড-৯: ২২০০০-৫৩০৬০ টাকা।	
২	**শিক্ষানবিস উপ-সহকারী প্রকৌশলী (ডিপ্লোমা ইঞ্জিনিয়ার)**	প্রার্থীদেরকে সরকার অনুমোদিত কোন পলিটেকনিক ইনস্টিটিউট/কলেজ হতে সিভিল/কনস্ট্রাকশন/ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল বিষয়ে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী থাকতে হবে। সকল পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি (জিপিএ-৩.০০) থাকতে হবে। কোনো পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ১ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	১৮-০৩-২০২৬ তারিখে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৩২ বছর হতে হবে।
	বেতন স্কেল (২০১৫)	গ্রেড-১০: ১৬০০০-৩৮৬৪০ টাকা।	

আবেদন পদ্ধতি	ক) আবেদনকারী প্রার্থীদেরকে ১৮-০৩-২০২৬ তারিখ রাত ১১:৫৯ মিনিট-এর মধ্যে রিক্রুটমেন্ট পেজ https://erecruit.grameenbank.org.bd এ গিয়ে Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনে স্বাক্ষর জেপিজি ফরমাটে (300x80) সর্বোচ্চ ২০ কেবি হতে হবে। খ) প্রার্থীদেরকে অনলাইনে আবেদনের সময় কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। মৌখিক পরীক্ষার দিন অনলাইনে আবেদনে প্রদত্ত প্রতিটি তথ্যের স্বপক্ষে যথাযথ মূল সনদ/প্রত্যয়নপত্রসহ একসেট সত্যায়িত ফটোকপি ও সদ্য তোলা ২কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি-{জেপিজি ফরমাটে (300x300) সর্বোচ্চ ১০০ কেবি} হতে হবে। অনলাইন আবেদন ফরমে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাইয়ান্তে কোনো ত্রুটি ধরা পড়লে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না।
আবেদন ফি জমাদানের নিয়মাবলী	যথাযথভাবে আবেদন করার পর নিম্নোক্তভাবে আবেদন ফি ২০০/- (দুইশত) টাকা মাত্র পরিশোধ করতে হবে (অফেরতযোগ্য)। Rocket App Login > Select (Bill Pay) > Select Biller ID-5566 > Applicantion No > Select Job ID/Applied Post > Pay for Self/Other > Amount:200tk > Submit >Enter PIN > Send > Save Transaction ID Transaction ID পাওয়ার পর নির্ধারিত ফিল্ডে Transaction Number দিয়ে Verify Transaction Button এ ক্লিক করতে হবে। সঠিক Transaction Number এন্ট্রি করলে Verification Successfull দেখাবে এবং আবেদন সম্পন্ন হয়েছে বলে গণ্য হবে। Payment Status আপডেট না হলে Job ID ও Applicant No দিয়ে Check Status > Pay Now > Verify Transaction অপশন ব্যবহার করে পুনরায় যাচাই করা যাবে।
প্রশিক্ষণ পদ্ধতি	ক) নিয়োগ প্রাপ্ত **শিক্ষানবিস সহকারী প্রকৌশলী/স্থপতিগণ** গ্রামীণ ব্যাংক প্রশিক্ষণ কেন্দ্রের আওতায় এক বছর (২টি পর্ব) প্রশিক্ষণে থাকবেন। প্রথমপর্বে মাসিক ১৩,০০০ টাকা (স্থিরকৃত) হারে এবং প্রথমপর্বের প্রশিক্ষণ সফলভাবে সমাপ্তকারীদের দ্বিতীয়পর্বে ১৫,০০০ টাকা (স্থিরকৃত) হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে; দ্বিতীয়পর্ব সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তকারীদের কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত নির্দিষ্ট সময়ে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে; উক্ত পরীক্ষায় সফলভাবে উত্তীর্ণদের গ্রামীণ ব্যাংক বেতন স্কেল (২০১৫) এর ৯ম গ্রেড ২২০০০-৫৩০৬০ টাকার বেতন স্কেলে **সহকারী প্রকৌশলী/স্থপতি** পদে নিয়োগ দেয়া হবে। তাছাড়া গ্রামীণ ব্যাংকের প্রচলিত নিয়মানুযায়ী আর্থিক ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন। যারা প্রশিক্ষণে অকৃতকার্য হবেন তাদেরকে **শিক্ষানবিস সহকারী প্রকৌশলী/স্থপতি** পদের চাকরি থেকে অব্যাহতি দেয়া হবে। খ) নিয়োগ প্রাপ্ত **শিক্ষানবিস উপ-সহকারী প্রকৌশলীগণ** গ্রামীণ ব্যাংক প্রশিক্ষণ কেন্দ্রের আওতায় এক বছর (২টি পর্ব) প্রশিক্ষণে থাকবেন। প্রথমপর্বে মাসিক ৯,০০০ টাকা (স্থিরকৃত) হারে এবং প্রথমপর্বের প্রশিক্ষণ সফলভাবে সমাপ্তকারীদের দ্বিতীয়পর্বে ১০,০০০ টাকা (স্থিরকৃত) হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে; দ্বিতীয়পর্ব সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তকারীদের কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত নির্দিষ্ট সময়ে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে; উক্ত পরীক্ষায় সফলভাবে উত্তীর্ণদের গ্রামীণ ব্যাংক বেতন স্কেল (২০১৫) এর ১০ম গ্রেড ১৬০০০-৩৮৬৪০ টাকার বেতন স্কেলে **উপ-সহকারী প্রকৌশলী** পদে নিয়োগ দেয়া হবে। তাছাড়া গ্রামীণ ব্যাংকের প্রচলিত নিয়মানুযায়ী আর্থিক ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন। যারা প্রশিক্ষণে অকৃতকার্য হবেন তাদেরকে **শিক্ষানবিস উপ-সহকারী প্রকৌশলী** পদের চাকরি থেকে অব্যাহতি দেয়া হবে।
অন্যান্য	ত্রুটিমুক্ত আবেদনকারীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে। গ্রামীণ ব্যাংক কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল বা প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না-করার ক্ষেত্রে যে-কোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন। কোন ধরনের সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

বিভাগ প্রধান (ভারপ্রাপ্ত)
মনাব সম্পদ ব্যবস্থাপনা বিভাগ